দৈনিক খবর

তারিখ 05 SEP 1993
পৃষ্ঠা ৪ কলাম ৫

# বরিশালে বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহে প্রশ্নপত্র সংকট

● বরিশাল ব্যুরো থেকে কাজী বাবুল

● বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের বিবিধ সমস্যার কারণে নিজস্ব তত্ত্বাবধানে বিভিন্ন পরীক্ষার প্রশ্নপত্র তৈরী করতে পারছে না। ফলে এসব স্কুলের সমন্বয়ে বাংলাদেশ শিক্ষক সমিতি বরিশাল জেলা শাখার উদ্যোগে এবং তত্ত্বাবধানে বিভিন্ন পরীক্ষার প্রশ্নপত্র প্রস্তুত হয়। কিন্তু শিক্ষক সমিতি কর্তৃক প্রণীত ও প্রকাশিত প্রশ্নপত্রে ব্যাপক ত্রুটির কারণে ছাত্র-ছাত্রী এবং শিক্ষকেরা পরীক্ষার সময় বিভ্রান্তির শিকার হয়ে থাকে।

সম্প্রতি ১৯৯৩ সালে অনুষ্ঠিত প্রথম সাময়িক পরীক্ষায় বরিশাল শিক্ষক সমিতি প্রণীত প্রশ্নপত্রে অসামঞ্জস্য ও ত্রুটি পরিলক্ষিত হয়। ফলে অভিভাবক মহলেও দেখা দিয়েছে সংশয়। এরমধ্যে সবচেয়ে মারাত্মক ত্রুটি দেখা দেয় ১০ম শ্রেণীর প্রশ্নপত্রে। উল্লেখ্য, ৯ম ও ১০ম শ্রেণীর পাঠ্যক্রমের আলোকেই এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র তৈরী করা হয়।

এ ছাড়া শিক্ষক সমিতি কর্তৃক প্রণীত প্রশ্নপত্র সম্পর্কে ছাত্র-ছাত্রী, অভিভাবক এবং অনেক শিক্ষকের অভিযোগ, এসব প্রশ্নপত্র নিয়ম মাফিক আরোহী-অবরোহী পদ্ধতি, অধ্যায় ভিত্তিক কিংবা ক্রমানুসারে করা হয়। অনুরূপভাবে প্রশ্নপত্রে থাকে ব্যাপক হারে বানান ভুল, শব্দ ও ভাষার তারতম্য এমনকি নির্ধারিত সিলেবাস বহির্ভূত প্রশ্নমালা। এ ছাড়া ৯৩'র প্রথম সাময়িক পরীক্ষায় ৯ম শ্রেণীর ইংরেজী নৈর্ব্যক্তিক প্রশ্নপত্রে শ্রেণী ও সেকশন লেখার নির্ধারিত স্থান থাকলেও রোল নম্বর লেখার স্থান রাখা হয়নি তাই শিক্ষকদের বিপাকে পড়তে হয়েছে।